

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

নং : মাউশি/ লেইস/০২- ২১/WS/২০২৪/১৬৮

তারিখ : ০৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
২০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : লেইস প্রজেক্ট এর আওতায় বেসিক, প্রফেশনাল ডেভেলপমেন্ট ও লিডারশিপ ট্রেনিং প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ চাহিদা নিরূপণের জন্য অনলাইনে তথ্য সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট গৃহীত হয়েছে। এ প্রকল্পের আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণকে দীর্ঘমেয়াদী বেসিক ও প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং এবং প্রতিষ্ঠান প্রধান/সহকারী প্রধানগণকে লিডারশিপ ট্রেনিং প্রদান করা হবে।


২। বর্ণিত প্রশিক্ষণসমূহের চাহিদা নিরূপণের (Training Need Assessment) নিমিত্ত বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট অংশীজনের সহায়তায় বেসিক, প্রফেশনাল ডেভেলপমেন্ট ও লিডারশিপ প্রশিক্ষণের জন্য ৩ প্রশ্ন প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। প্রণীত প্রশ্নপত্রসমূহ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধান/সহকারী প্রধান কর্তৃক অনলাইনে পূরণপূর্বক আগামী ২৩ জুন, ২০২৪ তারিখের মধ্যে লেইস প্রকল্পে প্রেরণ করা আবশ্যিক। এই জরিপ হতে প্রাপ্ত তথ্যাদি শুধুমাত্র প্রশিক্ষণসমূহের চাহিদা নিরূপণের গবেষণায় ব্যবহার করা হবে। প্রশিক্ষণের প্রকৃতি অনুযায়ী প্রশ্নপত্রসমূহের উত্তরদাতাগণ (Respondents) নিম্নরূপ:

(ক) বেসিক ট্রেনিং: প্রতি জেলা হতে ন্যূনতম ২০ জন অনূর্ধ্ব চল্লিশ বছর বয়সের শিক্ষক, ৫/১০ জন প্রতিষ্ঠান প্রধান / সহকারী প্রতিষ্ঠান প্রধান। বেসিক ট্রেনিং এর প্রশ্নপত্রের লিংক: <https://ee.kobotoolbox.org/single/r5UkNjSC>

(খ) প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং: প্রতি জেলা হতে ন্যূনতম ২০ জন চল্লিশোর্ধ্ব বছর বয়সের শিক্ষক যীরা বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে শ্রেণিকক্ষে পাঠদান করেন, ৫/১০ জন প্রতিষ্ঠান প্রধান / সহকারী প্রতিষ্ঠান প্রধান। প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং এর প্রশ্নপত্রের লিংক: <https://ee.kobotoolbox.org/single/FpdcozRT>

(গ) লিডারশিপ ট্রেনিং: প্রতি জেলা হতে ন্যূনতম ৫ জন প্রতিষ্ঠান প্রধান ও ৫ জন সহকারী প্রতিষ্ঠান প্রধান। লিডারশিপ ট্রেনিং এর লিংক: <https://ee.kobotoolbox.org/single/9h2WtYUF>

৩। বর্ণিত প্রশ্নমালা স্ব স্ব অধিক্ষেত্রাধীন শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানগণের মাধ্যমে অনলাইনে আগামী ২৩/৬/২০২৪ তারিখের মধ্যে পূরণের বিষয়ে শিক্ষক/ প্রতিষ্ঠান প্রধানগণকে উদ্বুদ্ধকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
20.06.2024  
(প্রফেসর শিপিন কুমার দাস)  
প্রকল্প পরিচালক

লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

বিতরণ:

১. পরিচালক,..... অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ;
২. উপ-পরিচালক (মাধ্যমিক), ..... অঞ্চল.....;
৩. জেলা শিক্ষা অফিসার, .....;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ..... উপজেলা, ..... জেলা: .....;
৫. ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর, জেলা,.....;
৬. উপজেলা একাডেমিক সুপারভাইজার, ..... উপজেলা, ..... জেলা;

পৃ. ১/২

নং : মাউশি/ লেইস/০২- ২১/WS/২০২৪/১৬৮

তারিখ : ০৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
২০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
২. পরিচালক (পরি: ও উন্ন:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৫. অফিস নথি।

*Handwritten signature* 20.06.24

(মোহাম্মদ নাসির উদ্দিন)

উপ প্রকল্প পরিচালক (ট্রেনিং, প্রোগ্রামিং, মনিটরিং এন্ড রিপোর্টিং  
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট  
মোবাইল: ০১৭৫৪৪৪৭৯১৭